

## 🗏 আত-তারিক | At-Tariq | ٱلطَّارِق

আয়াতঃ ৮৬:১০

💵 আরবি মূল আয়াত:

## فَمَا لَهُ مِن قُوَّةٍ وَّ لَا نَاصِرٍ ﴿١٠١﴾

## 

অতএব তার কোন শক্তি থাকবে না। আর সাহায্যকারীও না। — আল-বায়ান সেদিন মানুষের না থাকবে নিজের কোন সামর্থ্য, আর না থাকবে কোন সাহায্যকারী। — তাইসিরুল সেদিন তার কোন ক্ষমতা থাকবেনা এবং সাহায্যকারীও না। — মুজিবুর রহমান

Then man will have no power or any helper. — Sahih International

১০. সেদিন তার কোন সামর্থ্য থাকবে না, এবং সাহায্যকারীও নয়।

তাফসীরে জাকারিয়া

## ১০। সেদিন তার কোন সামর্থ্য থাকবে না এবং সাহায্যকারীও না।[1]

[1] অর্থাৎ, মানুষের নিকট এমন শক্তি থাকবে না যে, সে আল্লাহর আযাব থেকে পরিত্রাণ লাভ করতে পারবে। আর না কোন দিক থেকে তার এমন কোন সাহায্যকারী পাওয়া যাবে, যে তাকে আল্লাহর আযাব থেকে বাঁচাতে পারে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=5941

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন